# কুলগাঁও কলেজ রোভার স্কাউট ইউনিট থেকে প্রথমবারের মত পরিভ্রমণে রোভার ফারদিন।




নামঃ মোঃ ফারদিন হোসাইন চৌধুরী
জন্মস্থানঃ রায়ছটা, বাঁশখালী, চট্টগ্রাম
স্তরঃ সেবা
স্কাউটিং এ সম্পৃক্ততা : ১ আগস্ট ২০১৯
বর্তমানে: কুলগাঁও সিটি কর্পোরেশন কলেজ রোভার স্কাউট গ্রুপ
কোন পদে আছেনঃ সিনিয়র রোভার মেট

কুলগাঁও সিটি কর্পোরেশন কলেজ রোভার স্কাউট গ্রুপের গর্বিত সদস্য এবং ইউনিটের সিনিয়র রোভার মেট মোঃ ফারদিন হোসাইন চৌধুরী প্রথম দিনের যাত্রায় তাঁর অসাধারণ ধৈর্য, মনোবল এবং নেতৃত্ব প্রদর্শন করেছেন। ভোরের আলো ফোটার সাথে সাথে চট্টগ্রাম কলেজ থেকে যাত্রা শুরু করেন তিনি। প্রথম দিনের লক্ষ্য ছিল গাছবাড়িয়া সরকারি কলেজে পৌঁছানো, যা ৩৬ কিলোমিটার দূরে। পুরো পথটি তিনি পায়ে হেঁটে অতিক্রম করেন, যা নিঃসন্দেহে এক চ্যালেঞ্জিং অভিজ্ঞতা।

চট্টগ্রাম–কক্সবাজার মহাসড়কের পাশ দিয়ে হাঁটার সময় প্রকৃতি যেন তাঁর ক্লান্তি ভুলিয়ে রাখার চেষ্টা করছিল। তবুও রোদের তাপ আর ধুলোর ধাক্কা সামলাতে হয়েছে। কিন্তু ফারদিনের মনোবল ছিল অটুট। গন্তব্যে পৌঁছানোর ইচ্ছাশক্তি এবং দলের প্রতি দায়বদ্ধতা তাঁকে সামনে এগিয়ে নিয়ে গিয়েছে।
মধ্যাহ্ন ভোজের বিরতির জন্য তিনি পটিয়া সরকারি কলেজে থামেন। সেখানকার আতিথেয়তায় তিনি মুগ্ধ হন। সেখানে কিছুক্ষণ বিশ্রাম এবং মধ্যাহ্ন ভোজনের পর তিনি আবার যাত্রা শুরু করেন। তবে দিনের দ্বিতীয় অংশটি ছিল আরও বেশি ক্লান্তিকর।

পথ চলতে চলতে পায়ের শক্তি ফুরিয়ে আসছিল, কিন্তু প্রতিটি পদক্ষেপ তাঁকে গন্তব্যের আরও কাছে নিয়ে যাচ্ছিল। সন্ধ্যার আগে গাছবাড়িয়া সরকারি কলেজে পৌঁছানোর মাধ্যমে প্রথম দিনের যাত্রা সফলভাবে সম্পন্ন করেন তিনি।

এই ৩৬ কিলোমিটার হাঁটা শুধু শারীরিক সক্ষমতার পরীক্ষা নয়, বরং মনের শক্তি এবং ধৈর্যের পরীক্ষাও ছিল। তাঁর এই অভিজ্ঞতা আমাদের জন্য এক বিশাল অনুপ্রেরণা এবং গর্বের বিষয়। এভাবে তাদের ৫দিনের যাত্রাপথ–

১ম দিনঃ
যাত্রা শুরুঃ চট্টগ্রাম কলেজ
মধ্যাহ্নভোজঃ পটিয়া সরকারি কলেজ।
রাত্রীযাপনঃ গাছবাড়িয়া সরকারি কলেজ

২য় দিনঃ
যাত্রা শুরুঃ গাছবাড়িয়া সরকারি কলেজ
মধ্যাহ্নভোজঃ আমিরাবাদ

রাত্রিযাপনঃ লোহাগাড়া উপজেলা পরিষদ ডাকবাংলো।

৩য় দিনঃ
যাত্রা শুরুঃ লোহাগাড়া উপজেলা ডাকবাংলো
মধ্যাহ্ন ভোজঃ হারবাং
রাত্রিযাপনঃ চকরিয়া কোরক বিদ্যাপীঠ

৪র্থ দিনঃ
যাত্রা শুরুঃ চকরিয়া কোরক বিদ্যাপীঠ
মধ্যাহ্ন ভোজঃ ঈদগাঁ
রাত্রিযাপনঃ রামু উপজেলা ডাকবাংলো

৫ম দিনঃ
যাত্রা শুরুঃ রামু উপজেলা ডাকবাংলো
মধ্যাহ্ন ভোজঃ কক্সবাজার সরকারি কলেজ
রাত্রিযাপনঃ কক্সবাজার জেলা পরিষদ ডাকবাংলো

কক্সবাজার পৌঁছানোর পর তাদের যাত্রাপথের বা পরিভ্রমনের সমাপ্তি ঘোষিত হবে।



এই যাত্রায় তাঁর সঙ্গী ছিলেন:
সিনিয়র রোভার মেট মোঃ সাগর, স্বাধীন বাংলা ওপেন স্কাউট গ্রুপ, ঢাকা
সদস্য মোঃ শাহরিয়ার হোসেন ইমন, স্বাধীন বাংলা ওপেন স্কাউট গ্রুপ
সিনিয়র রোভার মেট মোঃ মনিরুল ইসলাম, বিইউএফটি রোভার স্কাউট গ্রুপ, ঢাকা
সিনিয়র রোভার মেট শেখ মাশরাফি, ট্রুপ ২১ ওপেন স্কাউট গ্রুপ, ঢাকা

কুলগাঁও সিটি কর্পোরেশন কলেজ রোভার স্কাউট গ্রুপের পক্ষ থেকে এই যাত্রা আমাদের রোভার মোঃ ফারদিন হোসাইন চৌধুরীর অধ্যবসায় এবং নেতৃত্বের অনন্য উদাহরণ হয়ে থাকবে।